ভোরের কাগজ

MAY 22 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# অব্যাহত শিক্ষা বিষয়ে ঢাকায় আঞ্চলিক কর্মশালা শুরু

অব্যাহত শিক্ষা' বিষয়ে ৬ দিনব্যাপী এক আঞ্চলিক প্রশিক্ষণ কর্মশালা গত সোমবার ঢাকায় শুরু হয়েছে। কর্মশালায় বাংলাদেশ, ভুটান, ভারত, ইরান, নেপাল, পাকিস্তান ও শ্রীলঙ্কা এই সাতটি দেশের প্রতিনিধিরা অংশ গ্রহণ করছেন। ধানমন্ডিতে ঢাকা আহছানিয়া মিশন মিলনায়তনে অনুষ্ঠিত 'সমাজ শিক্ষা কেন্দ্র সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের কেন্দ্র পরিচালনার সামর্থ্য বৃদ্ধি এবং অব্যাহত শিক্ষা বাস্তবায়ন' শীর্ষক এই কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এ কে এম দেলওয়ার হোসেন। ঢাকা আহছানিয়া মিশনের নির্বাহী পরিচালক কাজী রফিকুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন ব্যাংককে ইউনেস্কো আঞ্চলিক কার্যালয়ে অব্যাহত শিক্ষা বিশেষজ্ঞ মিসেস দারুণি নিউপিটুক এবং ঢাকা আহছানিয়া মিশনের গবেষণা বিভাগের পরিচালক ড. আহমদুল্লা মিয়া। ধন্যবাদ জ্ঞাপন করেন মিশনের জনসংযোগ বিভাগের পরিচালক প্রফেসর নুরুল ইসলাম।

ব্যাংকক ইউনেস্কো আঞ্চলিক কার্যালয় এবং ঢাকা আহছানিয়া মিশনের যৌথ উদ্যোগে এবং বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের সহযোগিতায় আয়োজিত এই কর্মশালাটি ইউনেস্কো কর্তৃক বাস্তবায়নাধীন 'সবার জন্য শিক্ষা' বিষয়ে এশিয়া প্রশান্ত মহাসাগরীয় কর্মসূচির অন্তর্ভুক্ত 'কমিউনিটি লার্নিং সেন্টার (সিএলসি) প্রকল্প'-এর অন্তর্ভুক্ত একটি বিশেষ কার্যক্রম। বিজ্ঞপ্তি।